

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.lrb.gov.bd

স্মারক নং: ৩১.০২.০০০০.০০০.০১১.০২.০০০১.২৬.৫০৮

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩৩
২৮ সেপ্টেম্বর ২০২৬

বিষয় : আন্তঃবিভাগ বদলির আবেদন প্রেরণ।

- সূত্র : (১) জনাব মোঃ মেহেদী হাসান, সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, বাঘা, রাজশাহী, তারিখ: তারিখ বিহীন
(২) ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর : ৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৩৮৪, তারিখ : ০৪-০৪-২০২৪ খ্রি.
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর : ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০০৮.২৬.৫৯৮, তারিখ : ১৭-০৯-২০২৬ খ্রি.
(৪) ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর : ৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৯৫৫, তারিখ : ১০-১২-২০২৪ খ্রি.
(৫) ভূমি সংস্কার বোর্ডের পরিপত্র নং-৩১.০২.০০০০.০০০.০১১.০২.০০০১.২৬.৪৭৬, তারিখ: ২০-০৯-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকসমূহের ধারাবাহিকতায় জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মেহেদী হাসান, সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, বাঘা, রাজশাহী কর্তৃক একটি আন্তঃবিভাগ বদলির আবেদন পাওয়া গেছে। তবে আবেদনটি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ভূমি সংস্কার বোর্ডে কোন প্রস্তাব না পাওয়ায় তা নথিভুক্ত করা হয়েছে। উল্লেখ্য, নিয়ন্ত্রণকারী কর্মকর্তা (সহকারী কমিশনার (ভূমি)/জেলা প্রশাসক) এর সম্মতি এবং নিয়ন্ত্রণকারীর উর্ধ্বতন কর্মকর্তা হিসেবে বিভাগীয় কমিশনারের অগ্রায়নকৃত আবেদনপত্র ব্যতীত সরাসরি ভূমি সংস্কার বোর্ডে আবেদনপত্র প্রেরণ করা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) অনুযায়ী অসদাচরণের শামিল। ভবিষ্যতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করা না হলে উক্ত বিধিমানার আলোকে 'যথাযথ কর্তৃপক্ষ' কর্তৃক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের অধিকার রাখেন।

০২। তবে অবহিত করা যাচ্ছে যে, ভূমি ব্যবস্থাপনায় জবাবদিহিতা, স্বচ্ছতা এবং দক্ষতার সাথে সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে সূত্রোক্ত ২ থেকে ৪ নং অনুচ্ছেদের নির্দেশনার আলোকে ভূমি সংস্কার বোর্ডের আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী প্রকৌশলী, কানুনগো ও সার্ভেয়ারদের Personnel Management এর অংশ হিসেবে বদলি/পদায়ন/মাঠ পর্যায়ে সংযুক্তির বিষয়ে সূত্রোক্ত ৫ নং পরিপত্র জারি করা হয়েছে এবং উক্ত পরিপত্রের আলোকে বদলি/পদায়নের আবেদন করতে হবে।

এমতাবস্থায়, আন্তঃবিভাগীয় বদলি/পদায়নের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সূত্রোক্ত ০৫ নং পরিপত্রের আলোকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (উপজেলা ও জেলা পর্যায়ে হতে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা (সহকারী কমিশনার (ভূমি)/জেলা প্রশাসক) এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের মাধ্যমে ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করতে হবে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে..... পাতা।

জেলা প্রশাসক
রাজশাহী।

২৮/০৯/২০২৬
(রজত বিশ্বাস)

সহকারী ভূমি সংস্কার কমিশনার
(সিনিয়র সহকারী সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন: ০২-৪১০১০৪৫২

ই-মেইল-alrc1@lrb.gov.bd

স্মারক নং: ৩১.০২.০০০০.০০০.০১১.০২.০০০১.২৬.৫০৮ (২০/১)

তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২-০৩. সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ০৫-০৭. উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৮. মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১-১৬. সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
১৭. সহকারী কমিশনার (ভূমি) উপজেলা ভূমি অফিস, বাঘা, রাজশাহী।
১৮. সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা (ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. জনাব মোঃ মেহেদী হাসান, সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, বাঘা, রাজশাহী [আবেদনের সাথে চাকরীকালের পূর্ণাঙ্গ সার্ভিস রেকর্ড নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রতিস্বাক্ষরসহ সংযুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।]
২০. অফিস কপি/মাস্টার কপি।